বিসমিল্লাহির রহ্মানির রাহিম্”

# বাড়ী ভাড়া চুক্তিপত্র

জনাব/জনাবা ........................................., পিতা/স্বামীঃ ................................................., ঠিকানাঃ ............................................................................. । জাতীয়তা- বাংলাদেশী, ধর্ম-ইসলাম।

**..প্রথম পক্ষ/মালিক**

মার্কেন্টাইল ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড, প্রধান কার্যালয়, আল-রাজী কমপ্লেক্স (৯ম তলা), ১৬৬-১৬৭, সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, পুরানা পল্টন, ঢাকা-১০০০-এর পক্ষে কোম্পানী সচিব।

**..দ্বিতীয় পক্ষ/ভাড়াটিয়া**

পরম করুণাময় মহান আল্লাহর নাম স্মরণপূর্বক আমরা উপরোক্ত প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষ বর্ণিত ঠিকানাস্থ ভবনের ................................ বর্গফুট পরিমিত স্থান মাসিক ভিত্তিতে ভাড়া দিতে/নিতে সম্মত হওয়ায় আমরা পরস্পর নিম্নোক্ত শর্তে অত্র ভাড়া চুক্তিপত্র সম্পাদন করলাম।

## শর্তাবলী

১. এই ভাড়া চুক্তিপত্র .................. হতে .................. ইং পর্যন্ত .............. বছরের জন্য বলবৎ থাকবে। পরবর্তীতে মেয়াদ শেষের ০১ মাস পূর্বে উভয় পক্ষের সম্মতিক্রমে বাড়ী ভাড়া চুক্তি পত্র নবায়ন করা যাবে।

২. তফসীলে বর্ণিত ভাড়াকৃত অংশ যা মার্কেন্টাইল ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড-এর ..........................হিসেবে ব্যবহৃত হবে।

৩. ....................... বর্গফুট পরিমিত স্থানের মাসিক মোট ভাড়া (ট্যাক্সসহ) ....................... টাকা।

৪. দ্বিতীয় পক্ষ অর্থাৎ কোম্পানী মাসিক ভাড়া .............................. টাকার উপর সরকারী নিয়মানুযায়ী ট্যাক্স-এর টাকা কর্তনপূর্বক জমা করবেন।

৫. দ্বিতীয় পক্ষ প্রতিমাসে বিদ্যুৎ বিল মিটার রিডিং অনুযায়ী কপি দাখিল সাপেক্ষে প্রথম পক্ষকে পরিশোধ করবেন।

৬. দ্বিতীয় পক্ষ প্রতি মাসের ভাড়া পরবর্তী মাসে প্রথম পক্ষকে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করবেন।

৭. প্রথম পক্ষ অফিস ভাড়ার টাকা প্রাপ্তির রশিদ প্রদান করবেন অথবা লিখিতভাবে প্রাপ্তি স্বীকার করবেন।

৮. দ্বিতীয় পক্ষ অগ্রীম ভাড়া বাবদ ................................. টাকা প্রথম পক্ষকে প্রদান করবেন। যা একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে প্রদান করা হবে। উক্ত অগ্রীম .................হারে মাসে সমন্বয় করা হবে।

৯. প্রথম পক্ষ অর্থ্যাৎ মালিক পৌর কর, ভূমির রাজস্ব ট্যাক্স ইত্যাদি পরিশোধ করিবেন এবং তফসিলে বর্ণিত ভবনের যাবতীয় প্রধান মেরামত ও সংস্কার নিজ ব্যয়ে সম্পাদন করবেন ।

১০. উভয় পক্ষ ০২ (দুই) মাসের নোটিশে অত্র চুক্তি বাতিল করতে পারবেন। উক্ত সময়ের মধ্যে হিসাব মোতাবেক ১ম পক্ষ ২য় পক্ষেকে পাওনা পরিশোধ করবেন/পরস্পরের দেনা -পাওনা নিস্পত্তি করবেন।

১১. দ্বিতীয় পক্ষ তফসীল বর্ণিত ভবনের ভাড়াকৃত অংশের কোন অংশ কারো নিকট ভাড়া দিতে অথবা উপ-ভাড়াটিয়া বসাতে পারবেন না এবং ভবনের কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন অথবা কোনরূপ সংস্কার করতে পারবেন না। তবে দাপ্তরিক প্রয়োজনে ছোটখাট মেরামতের কাজ, চেম্বার তৈরী, ষ্টোর রুম তৈরী ও এসি স্থাপন ইত্যাদি কাজ প্রথম পক্ষের অনুমতি সাপেক্ষে দ্বিতীয় পক্ষ নিজ ব্যয়ে সম্পাদন করতে পারবেন।

১২. দ্বিতীয় পক্ষ ভাড়াকৃত অংশে নিজস্ব অফিস/কার্যালয় ব্যতিত অন্য কোন ব্যবসা বা অসামাজিক কার্যকলাপে লিপ্ত হতে পারবেন না। এছাড়া প্রচলিত সরকারী আইন বিরোধী বা জননিরাপত্তা বিরোধী যেকোন ধরনের প্রচার, সভা- সমিতি এবং মাদকদ্রব্য ও বিষ্ফোরক দ্রব্য সরবরাহ, সংরক্ষণ, তৈরী ও ব্যবহার হতে বিরত থাকবেন।

১৩. দ্বিতীয় পক্ষ তফসীলে বর্ণিত ভবনের ভাড়াকৃত অংশের বহিরাংশে সুবিধাজনক স্থানে সাইনবোর্ড ব্যবহার করতে পারবেন।

১৪. দ্বিতীয় পক্ষ ভাড়াকৃত অংশ কোন অর্থ লগ্নীকারী বা অন্য কারো নিকট কোন প্রকার দায়বদ্ধ করতে পারবেন না।

১৫. প্রথম পক্ষের অনুমোদন ব্যতিরেকে দ্বিতীয় পক্ষ স্থানীয় কোন প্রতিনিধি বা অন্য কারো সাথে উক্ত অফিসের নামে কোনরুপ আর্থিক ও সম্পদ হস্তান্তর জনিত লেনদেন করতে পারবেন না। করলে এর দায়ভার দ্বিতীয় পক্ষকেই বহন করতে হবে।

১৬. দ্বিতীয় পক্ষ চুক্তি প্রত্রের মেয়াদকাল শেষ হওয়ার পর যদি চুক্তি পত্র নবায়ন করা না হয় এবং ২য় পক্ষ উল্লেখিত বাড়ীতে অবস্থান করতে থাকেন সেক্ষেত্রে নতুন চুক্তিপত্র না হওয়া পর্যন্ত পূর্বের চুক্তির শেষ মাসের ভাড়ার ভিত্তিতে মাসিক ভাড়া নিষ্পত্তি হবে।

১৭. অত্র চুক্তির মেয়াদের মধ্যে কোন পক্ষ বা প্রতিনিধির মৃত্যু হলে মৃতের ওয়ারিশ বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি উক্ত পক্ষের স্থলাভিষিক্ত বলে গণ্য হবেন এবং ভাড়া চুক্তির যাবতীয় শর্ত মেনে চলতে বাধ্য থাকবেন।

১৮. বাড়ির মালিকের ব্যাংক হিসাব নম্বরঃ ..............., .................. ব্যাংক লিঃ, .................... শাখা, অনুযায়ী দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষকে ভাড়াসহ যাবতীয় পাওনাদী পরিশোধ করবেন।

অতএব, অত্র ভাড়ানামা চুক্তিপত্রে বর্ণিত বিষয়াদি পাঠ করে এবং এর অর্থ সম্যকভাবে অবগত হয়ে উপরোক্ত প্রথম ও দ্বিতীয় পক্ষ স্বেচ্ছায়, স্বজ্ঞানে ও বিনা প্ররোচণায় অত্র ভাড়া চুক্তিপত্র সম্পাদন করলাম।

## তফসীল

অফিস ঘরের পূর্ণ ঠিকানাঃ .................................................

**প্রথম পক্ষ**
**বাড়ীর মালিক**

**(জনাব/জনাবা ..................)**
পিতাঃ ..............................
ঠিকানাঃ ..................................
.............................................
মোবাইলঃ ...................................

**দ্বিতীয় পক্ষ**
**মার্কেন্টাইল ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ-এর পক্ষে-**

(কোম্পানী সচিব)

প্রথম পক্ষের সাক্ষীর স্বাক্ষর ও ঠিকানা

১।

২।

দ্বিতীয় পক্ষের স্বাক্ষীর স্বাক্ষর ও ঠিকানা

১।

২।